217

03 JAN 1998

দৈনিক ইত্তেফাক

তারিখ 03 JAN 1998
পৃষ্ঠা ১৫ কলাম ২

# ক্যাম্পাসে প্রধানমন্ত্রীর সোমবারের কর্মসূচী বাতিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগমন কর্মসূচী বাতিল করা হইয়াছে। আগামী ৫ই জানুয়ারী শিক্ষকদের ১৫ তলা বিশিষ্ট একটি আধুনিক

(১৫শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## কর্মসূচী বাতিল

(শেষ পৃঃ পর)

আবাসিক কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রীকে নিয়া আসার জন্য বিশ্ববিদ্যালয়ের ভিসি যোগাযোগ করিয়াছিলেন। প্রধানমন্ত্রী সময়সাপেক্ষে আসিতে পারেন বলিয়া সম্মতিও দিয়াছিলেন। কিন্তু তাহার কর্মব্যস্ততা বাড়িয়া যাওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই কর্মসূচী বাতিল করিয়াছে। কর্মসূচী বাতিলেরকথা জানাইয়া গতকাল ভিসি প্রফেসর আজাদ চৌধুরী ইত্তেফাককে বলেন, এই মাসের যে কোন সুবিধাজনক দিনে শিক্ষামন্ত্রী কিংবা আমি নিজেই এই কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করিব। প্রধানমন্ত্রীর অনুদানে এই কমপ্লেক্স নির্মিত হইবে।

উল্লেখ্য, গত ২২শে ডিসেম্বর প্রধানমন্ত্রী এই কমপ্লেক্সের ভিত্তি প্রস্তর স্থাপনে সম্মতি জানান। কিন্তু ২৮শে ডিসেম্বর শিক্ষক সমিতির নির্বাচনের কারণে তিনি উক্ত কর্মসূচী বাতিল করেন।